

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৪

কাঞ্চনপুর, ১২ এপ্রিল, ২০২৫

আগামীকাল কাঞ্চনপুরে রাজ্যভিত্তিক বৈসু উৎসব

আগামী ১৩ এপ্রিল কাঞ্চনপুর মহকুমার রতনমণি আশ্রম স্কুল প্রাঙ্গণে রাজ্যভিত্তিক বৈসু উৎসব অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে রতনমণি আশ্রম স্কুলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক ফিলিপ কুমার রিয়াং, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ ও ব্লু-সোসিও কালচারাল অর্গানাইজেশনের প্রতিনিধিগণ। এই উৎসব উপলক্ষে থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান। খোলা হবে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল। ব্লু সোসিও কালচারাল অর্গানাইজেশন এই উৎসবের আয়োজন করেছে।
